দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 15 NOV- 1994

পৃষ্ঠা ৮ কলাম ১

05

# বরগুনায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী ব্যাহত

**বরগুনা, ১৪ নবেম্বর (সংবাদদাতা)**।- জেলার শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী একশ্রেণীর দুর্নীতিবাজ শিক্ষক ও ম্যানেজিং কমিটির কারণে ভেস্তে যেতে বসেছে। গম লোপাটের কালো হাত এই কর্মসূচীকে ব্যাহত করছে। প্রাথমিক বিদ্যালয়ের কতিপয় দুর্নীতিপরায়ণ শিক্ষক ছাত্রছাত্রী মাথাপিছু ১৫ কেজি গম না দিয়ে আত্মসাত এবং নিজেদের ইচ্ছামত ছাত্রছাত্রী ভর্তি করাচ্ছে। প্রতি ছাত্রছাত্রীর কাছ থেকে ১শ' টাকা চাঁদা নিয়ে বিদ্যালয়ে ভর্তি করাচ্ছে বলে অভিযোগ রয়েছে। যারা টাকা দিতে অপারগ তাদেরকে ভর্তি করানো হচ্ছে না। ফলে ছাত্রছাত্রী তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হচ্ছে।

বরগুনা জেলার ৫টি থানার ৫টি ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়কে সরকার শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় এনেছে।